যুগান্তর

তারিখ ... 30 NOV 2015 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... 2 ......

# উত্তরায় কলেজছাত্রী সিংগাইরে কর্মজীবী নারী ও চৌদ্দগ্রামে শিশু ধর্ষণের শিকার

যুগান্তর রিপোর্ট

বিয়ের প্রলোভন দিয়ে রাজধানীর উত্তরার একটি আবাসিক হোটেলে এক শিক্ষার্থীকে ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। ওই কলেজছাত্রীর রোববার ডাক্তারি পরীক্ষা হয়।

ছাত্রীর অভিযোগ, তানভীর নামে এক বন্ধুর সঙ্গে তার প্রেমের সম্পর্ক হয়। পরে তানভীর তাকে বিয়ে করবে বলে প্রস্তাব দেয়। এতে সে রাজি হলে তানভীর তাকে উত্তরা নিয়ে যায়। বৃহস্পতিবার রাতে একটি আবাসিক হোটেলে তাকে ধর্ষণ করে তানভীর। শনিবার বিকালে তানভীর তাকে আগারগাঁওয়ে তাদের বাসার সামনে নামিয়ে দেয়। রোববার তাদের বিয়ের কথা ছিল। মেয়েটি জানায়, শনিবার রাত থেকে সে আর তানভীরের সঙ্গে কোনো ধরনের যোগাযোগ করতে পারছে না। এ ঘটনায় উত্তরা পূর্ব থানায় একটি মামলা হয়েছে। মানিকগঞ্জের সিংগাইরে কর্মজীবী নারী ও কুমিল্লার চৌদ্দগ্রামে এক শিশু ধর্ষণের শিকার হয়েছে। হবিগঞ্জের মাধবপুর ও সুনামগঞ্জের দোয়ারবাজারে ধর্ষণ চেষ্টায় মামলা হয়েছে। গাজীপুরের শ্রীপুরে ইউএনওর কাছে অভিযোগ করেছে তার অভিভাবক। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর—

**মানিকগঞ্জ :** বান্ধবীর বাড়ি থেকে ফেরার পথে শনিবার প্রেমিক ও তার চার বন্ধু ধর্ষণ করেছে এক কর্মজীবী নারীকে। ধর্ষণের শিকার এই নারী মানিকগঞ্জ সদর হাসপাতালে ভর্তি রয়েছেন। ঘটনাটি মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার কাংশা গ্রামে। প্রেমিকসহ ৫ যুবককে পুলিশ গ্রেফতার করেছে। পুলিশের কাছে ওই পাঁচ যুবক ধর্ষণের ঘটনা স্বীকার করেছে।

গ্রেফতারকৃতরা হল— কাংশা উত্তরপাড়া গ্রামের বাচ্চু মুন্সীর ছেলে পিকআপচালক প্রেমিক আজাদ মুন্সী, ইউসুফ হোসেনের ছেলে রাজমিস্ত্রি রিপন হোসেন, মিনহাজ উদ্দিনের ছেলে রাজমিস্ত্রি শাহীনুর ইসলাম, রব শেখের ছেলে সিংগাইর পাইলট উচ্চ বিদ্যালয়ের জেএসসি পরীক্ষার্থী আকাশ শেখ ও এরশাদ আলীর ছেলে সমেজুল ইসলাম। তাদের আদালতে পাঠায় পুলিশ।

মামলার তদন্ত কর্মকর্তা সিংগাইর থানার (ওসি তদন্ত) আমিনুল ইসলাম যুগান্তরকে জানান, ধর্ষিতাকে উদ্ধার মানিকগঞ্জ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

**চৌদ্দগ্রাম (কুমিল্লা) :** বৃহস্পতিবার চৌদ্দগ্রামে এক পিএসসি পরীক্ষার্থী ধর্ষণের শিকার হয়েছে। ওই শিশুটি উপজেলার মুন্সীরহাট ইউনিয়নের দেড়কোটা প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রী। ধর্ষণের শিকার শিশুটির বাবা কামাল হোসেনকে আসামি করে চৌদ্দগ্রাম থানায় একটি মামলা করেন।

**মাধবপুর (হবিগঞ্জ) :** মাধবপুর উপজেলার উজ্জ্বলপুর গ্রামে স্কুলছাত্রী ধর্ষণ চেষ্টার ঘটনায় মাধবপুর থানায় দু'যুবকের বিরুদ্ধে মামলা হয়েছে। রোববার ওই ছাত্রীর বাবা বাদী হয়ে মামলা করেন। শুক্রবার রাতে একই **শিকার : পৃষ্ঠা ৭ : কলাম ৪**

## শিকার : ধর্ষণের

**(৩য় পৃষ্ঠার পর)**

গ্রামের বাচ্চু মিয়ার ছেলে সোহাগ মিয়া ও রহমত আলীর ছেলে মোহন মিয়া স্কুলছাত্রীকে ধর্ষণের চেষ্টা চালায়।

**শ্রীপুর (গাজীপুর) :** শ্রীপুরে এক শিশু কণ্ঠশিল্পীকে ধর্ষণের চেষ্টা চালিয়েছে দুই লম্পট। শিশুর বাবা-মা বিচার চাওয়ায় প্রভাবশালী কয়েকজন সালিশ বসিয়ে 'ঘটনা নিয়ে বাড়াবাড়ি না করার আদেশ দেন'। বিচার না পেয়ে শিশুটি বিষপান করে। মুমূর্ষু অবস্থায় শিশুটিকে প্রথমে শ্রীপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। শ্রীপুর উপজেলার গোসিংগা ইউনিয়নের হায়াতখারচালা গ্রামে ঘটনাটি ঘটে। টানা ৭ দিন চিকিৎসার পর সুস্থ হয়ে ধর্ষণ চেষ্টার মামলা করতে গেলে পুলিশ মামলা না নিয়ে থানা থেকে তাদের তাড়িয়ে দেন বলে অভিযোগ করেন শিশুর স্বজনরা। নিরুপায় শিশুর বাবা-মা রোববার উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কাছে অভিযোগ করেছেন। ধর্ষণ চেষ্টাকারীরা হল— ওই গ্রামের আইউদ্দিনের ছেলে মহসিন ও মৃত সোবহানের ছেলে আরমান।

**দোয়ারাবাজার (সুনামগঞ্জ) :** দোয়ারাবাজারে সরকারি কর্মচারীকে ধর্ষণ চেষ্টায় শনিবার থানায় মামলা হয়েছে। অভিযোগে জানা যায়, বৃহস্পতিবার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের গার্ডেনার সানোয়ার হোসেন ওই কমপ্লেক্সের একটি কক্ষে একই প্রতিষ্ঠানের চতুর্থ শ্রেণীর এক নারী কর্মচারীকে ধর্ষণের চেষ্টা চালায়। এ ব্যাপারে অভিযুক্ত সানোয়ার জানান, ওই নারীর সঙ্গে সামান্য ঝগড়া ছাড়া অন্য কিছুই ঘটেনি।